

যুগান্তর

এমবিবিএস কোর্সে প্রথম মাইগ্রেশন তালিকা প্রকাশ

- যুগান্তর প্রতিবেদন
- ০৩ মার্চ ২০২৪, ০৩:৫৬:১০ | [অনলাইন সংস্করণ](#)



সরকারি মেডিকেল কলেজে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ভর্তিতে প্রথম দফার মাইগ্রেশন তালিকা প্রকাশিত হয়েছে।

একই সঙ্গে মাইগ্রেশনের সুযোগপ্রাপ্ত শিক্ষার্থীকে শনিবার (২ মার্চ) থেকে ৯ মার্চের মধ্যে মাইগ্রেশন হওয়া কলেজে ভর্তি সম্পন্ন করতে বলা হয়েছে। তা না হলে উভয় কলেজ হতে ছাত্রত্ব বাতিল হয়ে যাবে।

শুক্রবার স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের পরিচালক (চিকিৎসা শিক্ষা) অধ্যাপক ডা. মো. মহিউদ্দিন মাতুব্বর স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ২০২৩-২৪ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে সরকারি মেডিকেল কলেজগুলোতে ভর্তি পরীক্ষার প্রকাশিত ফলাফলের ভিত্তিতে এবং শিক্ষার্থীদের কলেজ পরিবর্তনে পূরণকৃত অনলাইন মাইগ্রেশন ফরমের তথ্যানুসারে

স্বয়ংক্রিয়ভাবে প্রথম দফার মাইগ্রেশন তালিকা করা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি না হওয়ায় অপেক্ষমাণ তালিকা থেকে ৬৩ জনকে সরকারি মেডিকেল কলেজগুলোতে শূন্য আসনে ভর্তির জন্য মনোনীত করা হলো।

বিজ্ঞপ্তিতে বলা হয়, মেধা, পছন্দক্রম ও আসন শূন্যতার ভিত্তিতে কলেজ নির্ধারণ করা হয়েছে। আর সমতল অঞ্চলের উপজাতিদের ক্ষেত্রে উপজাতি কোটায় (কোড নং ৭৭) প্রাথমিকভাবে যারা মনোনীত হয়েছে কোটার স্বপক্ষে তাদের দেওয়া প্রমাণাদি স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর যাচাই করে শিগগিরই ফলাফল প্রকাশ করবে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, মাইগ্রেশনের সুযোগপ্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তিকৃত কলেজের অধ্যক্ষের দপ্তরে যোগাযোগ করে ২ মার্চ থেকে ৯ মার্চের মধ্যে অবশ্যই মাইগ্রেশন প্রক্রিয়া অর্থাৎ বর্তমানে ভর্তিকৃত কলেজ হতে বদলি/মাইগ্রেশন করা কলেজে ভর্তির সব আনুষ্ঠানিকতা সম্পন্ন করবেন।

উল্লিখিত সময়ের মধ্যে মাইগ্রেশনপ্রাপ্ত শিক্ষার্থীদের কেউ ভর্তি হতে ব্যর্থ হলে উভয় কলেজ হতে তার ছাত্রত্ব বাতিল হয়ে যাবে।

যেভাবে জানা যাবে মাইগ্রেশনের ফল : অপেক্ষমাণ তালিকা ও অভিপ্রায়ণের (মাইগ্রেশন) ফল স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট www.dgme.gov.bd ও স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট www.dghs.gov.bd থেকে জানা যাবে।

এ ছাড়া সংশ্লিষ্ট শিক্ষার্থীদের শুধু টেলিটকের ০১৫৫০ ১৫৫৫৫৫ নম্বর থেকে এসএমএসের মাধ্যমে এ সংক্রান্ত তথ্য জানানো হবে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](http://www.jugantor.com) © 2024

□